

□ (২) ক্রান্তীয় অঞ্চলের বাণিজ্যিক মৎস্য-শিকার □

(Commercial Fishing in the Tropical Region)

ক্রান্তীয় অঞ্চল বলতে বোঝায় 0° অক্ষরেখা বা নিরক্ষরেখা থেকে $23^{\circ}/2^{\circ}$ বা 30° অক্ষরেখার মধ্যবর্তী অঞ্চলসমূহ। একসময় বিশ্বের সবকটি প্রধান মৎস্য-শিকার ক্ষেত্রই নাতিশীতোষ্ণ অঞ্চলে

সম্পদ (১ম) - ৬

(উত্তর গোলাধর্মে ৩০° থেকে ৬০° বা ৭০° অক্ষরেখার মধ্যে) গড়ে উঠেছিল বলে এতদিন মৎস্য-শিকারের ইতিহাসে ক্রান্তীয় অঞ্চলের গুরুত্ব প্রায় ছিলই না। কিন্তু সাম্প্রতিককালে এই অঞ্চলের ভারত, বাংলাদেশ, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড প্রভৃতি দেশগুলির সন্নিহিত সমুদ্র থেকে মৎস্য-শিকার যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় আগেকার অবস্থার বেশ কিছুটা পরিবর্তন ঘটেছে।

■ ক্রান্তীয় অঞ্চলে বাণিজ্যিক মৎস্য-শিকার উন্নত না হওয়ার কারণ (Causes for Non-development of Commercial Fisheries in the Tropics)

সাম্প্রতিক কালে ক্রান্তীয় অঞ্চলে মৎস্য-শিকার বৃদ্ধি পেলেও এই অঞ্চলে বরাবরই মৎস্য-শিকারের প্রতিকূল কতকগুলি অবস্থা বিরাজমান। এই প্রতিকূল কারণগুলির জন্যই এতদিন ক্রান্তীয় অঞ্চলে বাণিজ্যিক মৎস্য-ক্ষেত্র বিকাশ লাভ করেনি। নিচে এই কারণগুলি আলোচনা করা হল।

(১) মৎস্যের খাদ্যের অভাব : ক্রান্তীয় অঞ্চলের জলবায়ু উষ্ণ। উষ্ণ জলবায়ুর প্রভাবে এতদিন ক্রান্তীয় অঞ্চলে ক্রান্তীয় অঞ্চলের সমুদ্রে এক ধরনের জীবাণুর সৃষ্টি হয়, যা মৎস্যের বাণিজ্যিক মৎস্য-ক্ষেত্র জৈব খাদ্য নষ্ট করে দেয়। এজন্য ক্রান্তীয় অঞ্চলের সমুদ্রে মৎস্যের বিকাশ লাভ করেনি কেন খাদ্য কম থাকে। অন্যদিকে, নাতিশীতোষ্ণ অঞ্চলের মৃদু শীতল জলবায়ুর দরুন সমুদ্রে প্রচুর পরিমাণে মৎস্যের খাদ্য থাকে।

(২) অধিকাংশ মৎসাই খাদ্যের অনুপযোগী : ক্রান্তীয় অঞ্চলের উষ্ণ সমুদ্রে যেসব মৎস্য পাওয়া যায় তার বেশিরভাগই বিষাক্ত, অর্থাৎ মানুষের খাওয়ার অনুপযোগী।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ অঞ্চলের মৃদু শীতল সমুদ্রে যেসব মৎস্য পাওয়া যায় সেগুলির অধিকাংশই খাদ্যোপযোগী।

(৩) বিভিন্ন প্রজাতির মৎস্য মিলে-মিশে থাকে : ক্রান্তীয় অঞ্চলের সমুদ্রের একই অঞ্চলে প্রায় ৩০-৪০টি বিভিন্ন প্রজাতির মৎস্য মিলে-মিশে বিচরণ করে। একসঙ্গে এত প্রজাতির মৎস্য থাকায় ধীবরদের খুবই অসুবিধা হয়। একসঙ্গে বিভিন্ন প্রকার জাল ব্যবহার করা ছাড়াও মৎস্য বাছাই করতে (sorting out) হয় এবং কোন প্রজাতির মৎসাই একসঙ্গে বেশি ধরা যায় না।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ অঞ্চলের সমুদ্রে যেসব মৎস্য থাকে, যেমন—হেরিং, ম্যাকারেলে প্রভৃতি, সেগুলি প্রজাতি অনুসারে একসঙ্গে লাখে লাখে বিচরণ করে। এর ফলে ধীবরদের মৎস্য-শিকারে সুবিধা হয়—একই সঙ্গে বিভিন্ন প্রকার জাল ব্যবহার করার প্রয়োজন হয় না বা ধৃত মৎস্য বাছাই করতে হয় না।

(৪) মৎস্য-শিকারীদের কর্মক্ষমতা কম : উষ্ণ-আর্দ্র জলবায়ুর দরুন ক্রান্তীয় অঞ্চলের মৎস্য-শিকারীরা অল্প পরিশ্রমেই ক্লান্ত হয়ে পড়ে। কর্মক্ষমতা কম হওয়ায় ধৃত মৎস্যের মাথাপিছু পরিমাণও কম হয়।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ জলবায়ুর প্রভাবে এই অঞ্চলের মৎস্য-শিকারীরা বেশি কর্মক্ষম হয়। ফলে মাথাপিছু মৎস্য-শিকারের পরিমাণও বেশি হয়।

(৫) সুস্বাদু ও উপাদেয় মৎস্যের অভাব : ক্রান্তীয় অঞ্চলের উষ্ণ জলে বিচরণকারী মৎস্যের শরীরে তৈলাক্ত উপাদান অনেক বেশি থাকে। এই মৎস্য তেমন সুস্বাদু বা উপাদেয় নয়, ফলে আন্তর্জাতিক বাজারে এর চাহিদাও কম।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ জলবায়ুর কারণে এখানকার মৎস্যের দেহে তৈলাক্ত পদার্থ কম থাকে। এর ফলে মৎস্য হয় অনেক সুস্বাদু ও উপাদেয় এবং এই মৎস্যের চাহিদাও খুব বেশি হয়।

(৬) মৎস্য সংরক্ষণ সময়সাপেক্ষ ও ব্যয়বহুল : ক্রান্তীয় অঞ্চলে উষ্ণ-আর্দ্র আবহাওয়ার জন্য ধৃত মৎস্য দ্রুত নষ্ট হয়ে যায়। আর, এখানকার আবহাওয়ায় স্বাভাবিকভাবে বরফ সৃষ্টি হয় না বলে মৎস্য সংরক্ষণও অনেক সময়সাপেক্ষ ও ব্যয়বহুল।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ জলবায়ুর আনুকূল্যে ধৃত মৎস্য সহজে নষ্ট হয় না—দীর্ঘক্ষণ ভাল থাকে। তাছাড়া, এই অঞ্চলে প্রাকৃতিক বা স্বাভাবিকভাবেই বরফ সৃষ্টি হয়, ফলে প্রায় বিনা অর্থব্যয়েই মৎস্য সংরক্ষণ করা যায়।

(৭) নৌ-যান নির্মাণ সহজ নয় : ক্রান্তীয় অঞ্চলে অধিকাংশ অরণ্যের কাঠই ভারী। এগুলি মৎস্য-শিকারের উপযোগী উন্নত ধরনের নৌ-যান তৈরির পক্ষে আদর্শ নয়।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ অঞ্চলে সরলবর্গীয় অরণ্যের প্রাচুর্য থাকায় মৎস্য-শিকারের উপযোগী বিভিন্ন আকৃতির নৌ-যান সহজে তৈরি করা যায়—হালকা ও মজবুত কাঠ পেতে কোন অসুবিধা হয় না।

(৮) উন্নত অঞ্চল নয় : ক্রান্তীয় অঞ্চলে উষ্ণ-আর্দ্র জলবায়ুর প্রভাবে অধিকাংশ দেশই অনুন্নত। বেশিরভাগ অঞ্চলে এখনও ছোট ছোট নৌ-যানের সাহায্যে প্রাচীন পদ্ধতিতে মৎস্য-শিকার করা হয়। এর ফলে ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও ধৃত মৎস্যের পরিমাণ কখনও বেশি হয় না। এই কারণে মৎস্যের সংরক্ষণ ও উপজাত দ্রব্য উৎপাদন ব্যবস্থাও অনুন্নত।

অন্যদিকে, নাতিশীতোষ্ণ জলবায়ুর প্রভাবে এই অঞ্চলের দেশগুলি খুবই উন্নত। ফলে এই মৎস্য-ক্ষেত্রে মৎস্য-শিকার, সংরক্ষণ এবং উপজাত দ্রব্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম সবই পাওয়া যায়। ✓